সেবা সহজীকরন

(জেলা ও উপজেলা সমবায় কার্যালয়)

১) সেবা প্রফাইল-

ক) সেবার নাম- প্রাথমিক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ।

খ) সেবার ধরন ও সহজীকরনের যৌক্তিকতা- কোন প্রাথমিক সমবায় সমিতির নির্বাচিত/নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটি মেয়াদের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারলে বিদ্যমান/মেয়াদোত্তীর্ন কমিটির আবেদন মোতাবেক সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২, ২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মুলধনের পরিমান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। সমবায় সমিতি একটি আর্থিক প্রতিষ্ঠান। আয়-ব্যয় নির্বাহসহ সমিতির দৈনন্দিন কার্যক্রম ব্যবস্থাপনা কমিটি পরিচালনা করেন। কোন সমবায় সমিতিতে বৈধ ব্যবস্থাপনা কমিটি না থাকলে মেয়াদোত্তীর্ন কমিটির সদস্য দ্বারা সমিতি পরিচালনা করার প্রবনতা পরিলক্ষিত হয়। এতে করে উক্ত সময়ে সমিতি পরিচালনায় আর্থিক ও ব্যবস্থাপনাগত জটিলতা সৃষ্টি হয়। যেহেতু, সমবায় সমিতি একটি বিধিবদ্ধ প্রতিষ্ঠান সেহেতু সমবায় সমিতির পক্ষে সমবায়ের ব্যবস্থাপনা কমিটির আবেদনের পেক্ষিতে যাবতীয় সেবা প্রদান করা হয়। মেয়াদোত্তীর্ন ব্যবস্থাপনা কমিটি অনেক সময় নিজ স্বার্থে হোক অথবা নিয়ম কানুন না জানার কারনেই হোক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন করতে পারেন না। সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিক আনয়ন এবং স্বচ্ছতা নিশ্চিত করা হলে প্রকারান্তরে সাধারন সদস্যদের স্বার্থ রক্ষা করা সম্ভব হবে। এ জন্য সেবাটি সহজ করা প্রয়োজন।

গ) সেবা প্রাপ্তির মৌলিক অধিকার-

| ক্রমিক নং | বিষয় | তথ্যাদি |
|---|---|---|
| ০১ | সেবা প্রদানকারী অফিস | জেলা সমবায় কার্যালয়, সিরাজগঞ্জ ও অধিনস্ত উপজেলা সমবায় কার্যালয়সমুহ |
| ০২ | সেবার সংক্ষিপ্ত বিবরন | সমবায় সমিতির ব্যবস্থাপনায় ধারাবাহিকতা রক্ষা করার জন্য অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ মাঠ পর্যায়ের একটি গুরুত্বপুর্ন সেবা। সমবায় সমিতির নির্বাচিত/ নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটির মেয়াদের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে না পারলে সমবায় সমিতি আইন/২০০১(সংশোধিত/২০০২,২০১৩) এর ১৮(৫) ধারা মোতাবেক সমবায় সমিতির অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ করা হয়। সমিতির পরিশোধিত শেয়ার মুলধনের পরিমান ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার কম হলে উপজেলা সমবায় অফিসার এবং পরিশোধিত শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বেশী হলে জেলা সমবায় অফিসার এ নিয়োগ প্রদান করেন। |
| ০৩ | বার্ষিক সেবা গ্রহনকারীর সংখ্যা | **** প্রাথমিক সমবায় সমিতি |
| ০৪ | সেবা প্রাপ্তি শর্তাবলী | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন দাখিল করলে সেবা প্রদান করা হয়। |
| ০৫ | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | জেলা সমবায় অফিসার ও উপজেলা সমবায় অফিসার |
| ০৬ | সেবা প্রাপ্তি সময় | ১০-১৪ দিন |
| ০৭ | সেবা প্রাপ্তিতে প্রয়োজনীয় কাগজপত্র | ব্যবস্থাপনা কমিটির সভার রেজুলেশনসহ আবেদন |
| ০৮ | সেবা প্রাপ্তি খরচ | নেই |
| ০৯ | সেবা প্রাপ্তির জন্য যাতায়াতের সংখ্যা | ৩-৫ বার |
| ১০ | সংশ্লিষ্ট আইন/বিধি/নীতিমালার তালিকা | সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২, ২০১৩) এর ১৮(৫) ধারা |
| ১১ | সেবা প্রাপ্তিতে ব্যর্থ হলে পরবর্তী প্রতিকার কারী কর্মকর্তা, পদবী, ই-মেইল ফোন নং | জেলা সমবায় কর্মকর্তা<br>dco_sirajganj@yahoo.com |
| ১২ | সেবা প্রাপ্তি/প্রদানের ক্ষেত্রে অসুবিধা/সমস্যা/চ্যালেঞ্জসমুহ | ১. সেবা গ্রহিতা কখন আবেদন করতে হয় জানে না।<br>২. কিভবে আবেদন করতে হয় জানে না।<br>৩. কমিটি অবৈধ হলে এর দায় সম্পর্কে সঠিক জ্ঞানের অভাব<br>৪. স্বেচ্ছাচারিতার মাধ্যমে অবৈধ কমিট কাজ সম্পাদন করে। |
| ১৩ | অন্যান্য | সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত/২০০২, ২০১৩) এর ১৮(৫) ধারার শর্ত |

| | | |
|---|---|---|
| | | মোতাবেক বিগত ব্যবস্থাপনা কমিটির সদস্যগন অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটিতে থাকতে পারবেন না। অজ্ঞতার কারনে তাদের নাম প্রস্তাব করা হয়। তাছাড়া সরকারী কর্মকর্তাদের নাম প্রস্তাবের সময় অনেক সময় তাদের সম্মতি নেয়া হয়না। তাছাড়া আবেদনের কোন ফরম্যাট না থাকায় আবেদনপত্রে ভুল থাকার কারনে অনেক সময় আবেদন প্রত্যাখ্যান করে পুনরায় দাখিলের জন্য বলা হয়ে থাকে। প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনের নমুনা জেলা ও উপজেলার ওয়েবসাইটে দেয়া থাকবে এবং নির্বাচনী ক্যালেন্ডার মোতাবেক একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যর্থ সমিতিতে যোগাযোগ করে প্রয়োজনে সরবরাহ করবেন। |

২) বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষন-

প্রাথমিক সমবায় সমিতি অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ-

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | প্রতি ধাপের সময় | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবী) |
|---|---|---|---|
| ধাপ- ১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটিগঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি সভা অনুষ্ঠান | ১দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ- ২ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রস্তুত স্বাক্ষর | ১দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ- ৩ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠন উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্য বিবরনী ও অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন উপজেলা সমবায় অফিসে দাখিল | ১-৩দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ- ৪ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহন | ১দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ- ৫ | উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরন | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-৬ | উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ৩-৫দিন | সহকারী পরিদর্শক |
| ধাপ-৭ | প্রস্তাবিত খসড়া অনুমোদন | ১-২দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ- ৮ | সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলঅ সমবায় অফিসার কর্তৃক সমবায় সমিতি হতে প্রাপ্ত কাগজপত্র জেলায় অগ্রায়ন। সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন | ১-২দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ- ৯ | পত্র জারীকরন এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরন | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ- ১০ | প্রাপ্ত আবেদন জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহন | ১দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ- ১১ | প্রাপ্ত আবেদন ডাইরীভুক্তকরন | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-১২ | জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ১-৩দিন | পরিদর্শক |
| ধাপ-১৩ | উপ-সহকারী নিবন্ধক কর্তৃক নথিতে স্বাক্ষর | ১-২দিন | উপ-সহকারী নিবন্ধক |
| ধাপ-১৪ | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন | ১-২দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ-১৫ | অনুমোদিত পত্রে ইস্যু নম্বর প্রদান | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ-১৬ | অনুমোদিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির কপি সমিতিতে ও উপজেলা সমবায় অফিসার বরাবর প্রেরন | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |

******

৪) প্রস্তাবিত সেবা পদ্ধতি-

| সেবা | কার্যক্রম | প্রতি | সম্পৃক্ত ব্যক্তিবর্গ (পদবী) |
|---|---|---|---|

| প্রদানের ধাপ | | ধাপের সময় | |
|---|---|---|---|
| ধাপ- ১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি সভা অনুষ্ঠান এবং সরবরাহকৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পুরন | ১দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ- ২ | পুরনকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরন | ১দিন | ব্যবস্থাপনা কমিটি |
| ধাপ- ৩ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহন | ১দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ- ৪ | উপজেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরন ও নথিতে উপস্থাপন | ১-২দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ- ৫ | সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলঅ সমবায় অফিসার কর্তৃক প্রাপ্ত ফর্মের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পুর্বক জেলায় প্রেরন। সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন ও আদেশ প্রদান | ১দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৬ | পত্র জারীকরন এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরন | ১দিন | উপজেলা সমবায় অফিসার |
| ধাপ-৭ | জেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহন | ১দিন | জেলা সমবায় অফিসার |
| ধাপ- ৮ | জেলা দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরন | ১দিন | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর |
| ধাপ- ৯ | জেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক নথিতে উপস্থাপন | ১-৩দিন | পরিদর্শক |
| ধাপ- ১০ | জেলা সমবায অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ই-মেইলে বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্যেরন | ১দিন | জেলা সমবায় অফিসার |

****

৬) তুলনামুলক বিশ্লেষন (বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা)

| বিদ্যমান | | প্রস্তাবিত | |
|---|---|---|---|
| সেবার ধাপ | কার্যক্রম | সেবার ধাপ | কার্যক্রম |
| ধাপ- ১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি সভা অনুষ্ঠান | ধাপ- ১ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের লক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটি সভা অনুষ্ঠান এবং সরবরাহ কৃত রেজুলেশন ও আবেদনের ফরম্যাট পুরন |
| ধাপ- ২ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন প্রস্তুত ও স্বাক্ষর | | প্রয়োজন নেই |
| ধাপ- ৩ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের উপলক্ষ্যে সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরনী ও অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগের আবেদন উপজেলা সমবায় অফিসে দাখিল | ধাপ- ২ | পুরনকৃত আবেদন ও রেজুলেশন উপজেলা সমবায় দপ্তরে সরাসরি বা মেইলে প্রেরন |
| ধাপ- ৪ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহন | ধাপ- ৩ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক আবেদন গ্রহন |
| ধাপ- ৫ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক ডাইরীভুক্ত করন | ধাপ- ৪ | উপজেলা সমবায় অফিসার কর্তৃক ডাইরীভুক্ত করন ও নথিতে উপস্থাপন |
| ধাপ-৬ | উপজেলা সমবায় দপ্তরের সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | | নেই, ধাপ- ৪ এ সম্পন্ন |
| ধাপ-৭ | প্রস্তাবিত খসড়া অনুমোদন | | ফরম্যাটে থাকায় প্রয়োজন নেই |
| ধাপ- ৮ | সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক | ধাপ- ৫ | সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার উর্ধে হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক |

| | | | |
|---|---|---|---|
| | সমবায় সমিতি হতে প্রাপ্ত কাগজপত্র জেলায় অগ্রায়ন। সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন | | প্রাপ্ত ফর্মের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর পুর্বক জেলায় প্রেরন। সমিতির শেয়ার মুলধন ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা বা তার কম হলে উপজেলা সমবায় অফিসার কর্তৃক অনুমোদন ও আদেশ প্রদান |
| ধাপ- ৯ | পত্রজারীকরন এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরন | ধাপ-৬ | পত্রজারীকরন এবং জেলা অফিসে/সমিতিতে প্রেরন |
| ধাপ- ১০ | প্রাপ্ত আবেদনজেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহন | ধাপ-৭ | প্রাপ্ত আবেদনজেলা সমবায় অফিসার কর্তৃক গ্রহন |
| ধাপ- ১১ | প্রাপ্ত আবেদন ডাইরীভুক্তকরন | ধাপ-৮ | জেলা সমবায় দপ্তর কর্তৃক ডাইরীভুক্তকরন |
| ধাপ-১২ | জেলা সমবায় দপ্তরের সংশ্রিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন | ধাপ-৯ | জেলা সমবায় দপ্তরের সংশ্রিষ্ট নথি উপস্থাপনকারী কর্তৃক খসড়াসহ নথিতে উপস্থাপন |
| ধাপ-১৩ | উপ-সহকারী নিবন্ধক কর্তৃক নথিতে স্বাক্ষর | | নেই |
| ধাপ-১৪ | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি অনুমোদন | ধাপ-১০ | জেলা সমবায় অফিসার কর্তৃক অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি নিয়োগ এবং ইমেইলে বা ই-নথিতে জারী করে সমিতিতে এসএমএস প্রেরন |
| ধাপ-১৫ | অনুমোদিত পত্রে ইস্যু নম্বর প্রদান | | ই-নথি ও ইমেইল ব্যবহারের কারনে প্রয়োজন হবে না। মেইল না থাকলে অনুমোদিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির কপি সমিতিতে প্রেরন |
| ধাপ-১৬ | অনুমোদিত অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটির কপি সমিতিতে ও উপজেলা সমবায় অফিসার বরাবের প্রেরন | | -- |

৭) প্রস্তাবিত ও বিদ্যমান পদ্ধতির তুলনামুলক বিবরন পদ্ধতি-

| ক্র: নং | সমস্যার শ্রেণী | বিদ্যমান পদ্ধতির সমস্যা | প্রস্তাবিত সমস্যার বর্ননা | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১ | আবেদনপত্র,তথ্য-উপাত্ত/ফরম/ ফরম্যাট/ প্রত্যয়নপত্র/ রিপোর্ট/ রেজিষ্টার | কোন সুনির্দিষ্ট আবেদনপত্র,তথ্য-উপাত্ত/ফরম/ফরম্যাট/ প্রত্যয়নপত্র/রিপোর্ট/রেজিষ্টার নেই | সভার কার্যবিবরনী ও আবেদনপত্রের নমুনা করে দেয়া হবে | নমুনা করে দেয়া হলে কার্যবিবরনী লিখনে যে ভুল দেখা যায় তা দুর হবে। অভিজ্ঞ ব্যক্তিদের নিকট হতে পরামর্শ গ্রহনের জন্য সময় ও ব্যয় কমবে। |
| ২ | আবেদন দাখিল/গ্রহন | সময়ক্ষেপন হয় | সময়ক্ষেপন কমবে | ফরম্যাটেআবেদন, ইমেইল ব্যবহার |
| ৩ | সেবার ধাপ | তুলনামুলক ভাবে বেশী (১৬) | তুলনামুলক ভাবে কম (১০) | |
| ৪ | সম্পৃক্ত জনবল/স্বাক্ষরকারী/ অনুমোদনকারী | ৪-৮ | ৩-৫ | |
| ৫ | সেবা সহজিকরনে ঝুকি | নেই | নেই | |
| ৬ | মধ্যস্বত্বভোগী | আছে | নেই | |
| ৭ | একাধিক সংস্থার সংশ্লিষ্টতা | নেই | নেই | |
| ৮ | আইন/বিধি/প্রজ্ঞাপন ইত্যাদি | সমবায় সমিতি আইন এর ১৮(৫) ধারা প্রয়োগে দীর্ঘ সুত্রিতা | সমবায় সমিতি আইন এর ১৮(৫) ধারার জনবান্ধব প্রয়োগ | |
| ৯ | অবকাঠামো | নেই | নেই | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | রেকর্ড/তথ্য-উপাত্ত সংরক্ষণ | কঠিন | সহজ | |
| ১১ | অন্যান্য | নেই | নেই | |

৮) TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা-

| | বিদ্যমান পদ্ধতি | প্রস্তাবিত পদ্ধতি |
|---|---|---|
| সময় (দিন/ঘন্টা) | ১৮-৩৩ দিন | ১০-১৪দিন |
| খরচ (নাগরিক ও অফিসের) | ৩,০০০-৪,০০০ টাকা | ১০০-৫০০ টাকা |
| যাতায়াত | ৪-৫ বার | ১-২ বার |
| ধাপ | ১৬টি | ১০টি |
| দাখিলীয় কাগজপত্র | কোন ফরম্যাট নেই। নিজেদের মত করে রেজুলেশন ও আবেদন প্রস্তুত করা হয়। | নির্দিষ্ট ফরম্যাট পুরন করে দাখিল |
| গুনগত মানোন্নয়নে/q% | সময়ক্ষেপন, বারবার ভুল করার প্রবনতা ৫০% | সহজ ও নির্ভুল ১০০% |

৯) বাস্তবায়ন কৌশল-

সিরাজগঞ্জ জেলার সকল উপজেলায় তারিখ ভিত্তিক নির্বাচনী ক্যালেন্ডার তৈরী করা হবে এবং উক্ত ক্যালেন্ডার মোতাবেক নির্বাচন না হলে উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সংশ্লিষ্ট সমিতিকে অবহিত করবেন এবং আবেদনের ফরম্যাট সরবরাহ করবেন। সমিতির সক্ষমতা মোতাবেক যাতে উক্ত ফরম্যাট ডাউনলোড করে নিতে পারে সেজন্য ওয়েবসাইটে আপলোড করা থাকবে। সিরাজগঞ্জ জেলার সকল উপজেলায় ই-নথি চালু থাকায় সকল পত্র যোগাযোগ ই-নথিতে করে সেবা গ্রহিতাকে নথি সিস্টেমের মাধ্যমে মেইল ও এসএমএস দেয়া হবে। এতে সেবা গ্রহিতার সময়, যাতায়াত ও খরচ কমবে।

১০) বাস্তবায়নের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা-

| কার্যক্রম | মার্চ | এপ্রিল | মে | জুন |
|---|---|---|---|---|
| কর্মশালা অনুষ্ঠান ও প্রস্তাব চুড়ান্তকরন | | | | |
| সেবা সহজীকরন জিও জারী | | | | |
| বাস্তবায়ন শুরু | | | | |
| মন্ত্রিপরিষদ বিভাগে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরনের তারিখ | | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন শুরুর তারিখ | | | | |
| পুরো অধিক্ষেত্রে বাস্তবায়ন মুল্যায়ন প্রতিবেদন প্রেরন | | | | |

১১) বাস্তবায়নের জন্য ব্যয়িত অর্থের পরিমান- প্রয়োজন নেই

১২)বাস্তবায়নে চ্যালেঞ্জসমুহ-

ক) সমবায়ীদের অবহিতকরন

খ) বাস্তবায়নকারীদের মানসিক অবস্থার পরিবর্তন

গ) সকল সমিতির সম ভাবে প্রযুক্তিগত সক্ষমতা না থাকা

১৩) চ্যালেঞ্জ মোকাবেলায় গৃহিত ব্যবস্থাদি-

ক) কর্মচারীদের উদ্বুদ্ধকরন করা,

খ) প্রশিক্ষন প্রদান

গ) বহুল প্রচার।

জেলা সমবায় অফিসার
সিরাজগঞ্জ।